



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা  
চট্টগ্রাম।

## প্রেস বিজ্ঞপ্তি

আইইবি চট্টগ্রাম কেন্দ্র আয়োজিত বিজয় দিবসের আলোচনা সভায় সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন  
সাম্প্রদায়িক শক্তি ক্ষমতায় এলে এক দিনেই দেশে রক্তের নদী বইয়ে দেবে ও লাশের পাহাড় সৃষ্টি করবে।

চট্টগ্রাম- ১৯ ডিসেম্বর ২০১৮

রাজনীতি থেকে মুক্তিযুদ্ধ বিরোধী সাম্প্রদায়িক শক্তিকে বর্জন এবং ক্ষুধা, দারিদ্র্য-সন্ত্রাস-মাদক-দুর্গতি-জঙ্গীবাদ মুক্ত  
অসাম্প্রদায়িক সুখি সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করে রেখে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির  
উদ্দীন বলেন মুক্তিযুদ্ধ ও বিজয়ের পতাকাকে সমৃদ্ধত রাখতে শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় ফিরিয়ে আনতে হবে।  
গতকাল সকালে নগরীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিউট মিলনায়তনে আইইবি চট্টগ্রাম কেন্দ্র আয়োজিত মহান বিজয় দিবস  
উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির ভাসনে তিনি একথা বলেন। তিনি আরো বলেন এবারের নির্বাচণে  
সাম্প্রদায়িক অপশক্তি ক্ষমতায় ফিরে এলে দেশ অন্ধকারে চলে যাবে। মানুষ আগুন সন্তাসের কাছে জিম্মি হয়ে যাবে।  
ওরা ক্ষমতায় এলে মুক্তিযোদ্ধাদের হত্যা করবে এবং একদিনেই তারা রক্তের নদী বইয়ে দেবে, লাশের পাহাড় সৃষ্টি  
করবে। তিনি নতুন প্রজন্মের প্রযুক্তিবিদদের উদ্দেশ্যে বলেন রাষ্ট্রীয় ক্ষমতায় স্বাধীনতা বিরোধী কোন ব্যক্তি, তাদের  
সহযোগী, মদদ দাতা এবং স্বাধীনতা বিরোধী সন্তানদের আমরা রাষ্ট্রীয় ক্ষমতায় দেখতে চাই না। আমরা স্বাধীনতার  
স্বপক্ষের শক্তিকে রাষ্ট্রীয় ক্ষমতায় দেখতে চাই। আমাদের প্রত্যাশা দেশের নাগরিক বিশেষ করে তরুণ প্রজন্ম রাষ্ট্রীয়  
ক্ষমতায় এমন কাউকে সমর্থন করবেন না যারা স্বাধীনতা বিরোধী এবং তাদের মদদ দেয়। সভাপতির ভাষনে  
আইইবি চট্টগ্রাম কেন্দ্রের চেয়ারম্যান ও চুয়েটের উপাচার্য অধ্যাপক ড. প্রকৌশলী মো. রফিকুল আলম বলেন  
তরুণেরা বাংলাদেশের উন্নয়নের অগ্রযাত্রার সঙ্গী। সেই অগ্রযাত্রায় শামিল হতে তরুণদের হাতে আবারও সুযোগ  
এসেছে। সেই সুযোগটি হলো ভোট প্রদানের। দেশের উন্নয়নের অংশীদারিত্ব অর্জন ও ভবিষ্যত সুগম করতে তাদের  
ভোট দিতে হবে দেখে শুনে। তিনি আরো বলেন ইতিহাস বিকৃতির ধারাবাহিকতায় বাংলাদেশ একসময় তার সৃষ্টির  
ইতিহাস ভুলে যেতে বসেছিল। ক্ষমতার পট পরিবর্তনে বাংলাদেশ ফিরে পেয়েছে তার স্বকীয়তা। তাই তরুণদের  
আত্মবিশ্বাসী হওয়ার আহবান জানিয়ে তিনি আরো বলেন ১৯৫২, ১৯৭১, ১৯৯৬ ও ২০০৮ এ আমরা তরুণদের  
ভূমিকা দেখেছি দেশের সামগ্রিক পট পরিবর্তনে। তাই এবারও তরুণদেরকে মুক্তিযুদ্ধের স্বপক্ষে শক্তিকে ক্ষমতায়  
আনতে অগ্রনী ভূমিকা পালন করতে হবে। আইইবি চট্টগ্রাম কেন্দ্রের সম্মানী সম্পাদক প্রকৌশলী রফিকুল ইসলামের  
সম্মাননায় অনুষ্ঠিত মুক্তিযুদ্ধের বিজয় দিবসের আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আইইবি  
চট্টগ্রাম এর প্রাক্তন চেয়ারম্যান প্রকৌশলী এম শাহজাহান, প্রকৌশলী এম আলী আশরাফ, আইইবি চট্টগ্রাম কেন্দ্রের  
বর্তমান ভাইস চেয়ারম্যান প্রকৌশলী প্রবীর কুমার সেন, প্রবীর কুমার দে। বিজয় দিবসের আলোচনা সভার  
অনুষ্ঠানের শুরুতে জাতীয় পতাকা উত্তোলন ও বেলুন উড়িয়ে শিশু কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতার উদ্বোধন করেন  
অধ্যাপক ড. প্রকৌশলী মো. রফিকুল আলম। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ী ক, খ ও গ বিভাগের শিশু কিশোরদের  
পুরস্কার বিতরণ শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন বাংলাদেশ বেতার  
ও টেলিভিশনের শিল্পী বৃন্দ।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন